

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৫তম সভার কার্যবিবরণী

সভাপতি: ড. মোঃ আবদুহ হালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।

সভার তারিখ ও সময়: ১৫ ডিসেম্বর ২০২৫; দুপুর ০২:৩০ ঘটিকা।

সভার স্থান: ২নং সভা কক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

ড. মোঃ আবদুহ হালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য ড. মোঃ সাইফুল আলম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিকে অনুরোধ জানান। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভার কার্যবিবরণী অনুমোদন।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভা ৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি: সকাল ১০.০০ ঘটিকায় ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসির ১নং সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী কারিগরি কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। সভায় কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে আলোচনার প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ৯ এ উল্লিখিত ২০২৪-২৫ বোরো মৌসুমে সুপারিশকৃত ১৯টি হাইব্রিড ধানের জাতের অ্যামাইলোজ বিশ্লেষণে মাধ্যমে ২টি হাইব্রিড ধানের জাত অ্যামাইলোজের পরিমাণ ২০% এর কম পাওয়া গিয়েছে মর্মে উল্লেখ করা হয়। জাত দুটো হলো কেমিষ্ট এগ্রোবায়োটেক লিমিটেড এর “কেমিষ্ট হাইব্রিড ধান১ (কেমিষ্ট ৫৫৪৪)” এবং বায়োসেফ এগ্রোভেট এর “বায়োসেফ এগ্রোভেট হাইব্রিড ধান১ (এবি-৫৭৭৭)। অ্যামাইলোজের পরিমাণ ২০% এর কম হওয়ায় “হাইব্রিড ধানের জাত মূল্যায়ন এবং নিবন্ধন পদ্ধতি ২০২৫” অনুযায়ী উক্ত দু’টি জাত বাদ দিয়ে অবশিষ্ট ১৭টি জাত নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশসহ কার্যবিবরণীর আলোচ্য বিষয় ৯ এর সিদ্ধান্ত সংশোধন অনুমোদন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ৯ এর সিদ্ধান্ত সংশোধন সাপেক্ষে উক্ত কার্যবিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্য বিষয় ২: ২০২৪-২৫ খ্রিঃ-১ আউশ মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

২০২৪-২৫ আউশ মৌসুমে ০২টি বীজ কোম্পানি হতে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ০২(দুই)টি হাইব্রিড ধানের জাতের বীজের নমুনা পাওয়া যায়। উক্ত ০২টি হাইব্রিড ধানের জাতের সাথে ০১টি চেক জাতসহ (ব্রি ধান৯৮) মোট ৩টি জাত ১টি সেট (সেট- A; কোড নং- H-1805 থেকে H-1807) হিসেবে ৬টি অঞ্চলের ১২টি স্থানে প্রথম বছরের ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও জেলা বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের কোড ভিত্তিক ফলাফল প্রস্তুতপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বরাবরে প্রেরণ করেন। সভায় সকল সদস্যের উপস্থিতিতে সভাপতি মহোদয় মাঠ মূল্যায়নের ফলাফলের গোপনীয় কোড উন্মুক্ত করেন এবং ফলাফল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়ে মতামত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত: উক্ত হাইব্রিড ধানের জাত দুইটির কোড নম্বর এবং ট্রায়াল বাস্তবায়নের ফলাফল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ৩: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে কৃষক প্রতিনিধি হিসেবে ০১ (এক) জন সদস্য নির্বাচন।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সম্মানিত কৃষক প্রতিনিধি জনাব ফজলুল হক সরকার (হান্নান), মতলব, চাঁদপুর গত ০৯.০৪.২০২৫ তারিখ মৃত্যুবরণ করেছেন। ফলে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির কৃষক প্রতিনিধি সদস্য পদটি শূন্য হয়েছেন।





জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ১১৪তম সভার ১২নং আলোচ্য বিষয় মোতাবেক কৃষক প্রতিনিধি নির্বাচনের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে নির্বাচিত কৃষক প্রতিনিধির তথ্য উপস্থাপন করা হয়।

কৃষক প্রতিনিধির তথ্য

জেলা	উপজেলা	কৃষক প্রতিনিধির নাম	পিতার নাম	গ্রাম	ইউনিয়ন	মোবাইল নম্বর	এনআইডি নম্বর	মন্তব্য
মানিকগঞ্জ	শিবালয়	মোঃ আওলাদ হোসেন	মৃত ছাইন উদ্দিন	নিহন্দ	উখালি	০১৭২৯১৬৯২৬০	৩২১৯৭৭৭০৬	-

সিদ্ধান্ত: সভায় আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে জনাব মোঃ আওলাদ হোসেন গ্রাম- নিহন্দ, ইউনিয়ন- উখালি, উপজেলা- শিবালয়, জেলা- মানিকগঞ্জ কে কৃষক প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়ার জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হয়।

আলোচ্য বিষয় ৪: বিবিধ

ড. মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর বলেন, “যেহেতু জাত নিবন্ধনের ক্ষেত্রে শস্যের পুষ্টিমান বিবেচনা করা হয় তাই বিভাগীয় প্রধান, শস্যমান ও পুষ্টি (জিকিউএন) বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুরকে জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ১জন সদস্য হিসেবে কো-অপ্ট করা যেতে পারে।

সিদ্ধান্ত: সভায় আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে বিভাগীয় প্রধান, শস্যমান ও পুষ্টি বিভাগ (জিকিউএন), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুরকে জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ১জন সদস্য হিসেবে কো-অপ্ট করার জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হয়।


(ড. মোঃ সাইফুল আলম)

পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী


ও

সদস্য সচিব

জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি

ফোন: +৮৮ ০২-৪৯২৭২২০০

ই-মেইল: dir.sca.gov.bd@gmail.com


(ড. মোঃ আবদুছ হালিম)

নির্বাহী চেয়ারম্যান

বিএআরসি

ও

সভাপতি

জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি

ফোন: +৮৮ ০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd